



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৯৪/২০১৭/০২১১৮

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

পাংগাশিয়া নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর : পাংগাশিয়া, উপজেলা : দুমকি, জেলা : পটুয়াখালী-এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাননীয় ভাইস চ্যান্সেলর এর অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. সকল শূন্যপদ অনতিবিলম্বে নিয়োগ দিয়ে প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমকে আরো গতিশীল করতে হবে।
২. ছুটি রেজিস্ট্রারসহ সকল রেজিস্ট্রার মান সম্মত করে সকল বিষয় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৩. শিক্ষার্থীদের প্রকৃত আলেম ও আদর্শ মানুষ হিসেবে গড়ার লক্ষ্যে মূল বইয়ের ব্যবহার এবং পাঠদান আকর্ষণীয় করতে শিক্ষকদের আরো সক্রিয় উদ্যোগ নিতে হবে।
৪. সকল আয়-ব্যয় যথাসময়ে লিপিবদ্ধকরণ, কমিটি কর্তৃক নিয়মিত ক্যাশবই হালনাগাদ ও ভাউচার সংরক্ষণ করতে হবে।
৫. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা “বঙ্গবন্ধু কর্নার” কে আরো সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
৬. ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং শিক্ষকদের সচেতন ও দায়িত্বশীল হতে হবে।
৭. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ডিজিট করতে হবে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সহ সংশ্লিষ্ট দফতরের নোটিশগুলো মাদরাসা নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।
৮. লাইব্রেরিকে মান সম্মত এবং বইয়ের সংখ্যা বৃদ্ধিসহ নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষক-শিক্ষার্থীদের উৎসাহী করতে হবে।
৯. সরকারি সকল নির্দেশনা মোতাবেক শিক্ষক ও কর্মচারীর মাদরাসায় অবস্থান ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।
১০. অধিভুক্তি চলমান রাখতে সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী কাঙ্ক্ষিত শিক্ষার্থী ভর্তি, পরীক্ষার অংশগ্রহণ সম্ভবজনক ফলাফল এবং আর্থিক স্বচ্ছতার বিষয়টি নিশ্চিত করতে হবে।
১১. শিক্ষার্থীদের উপস্থিতির ক্ষেত্রে হাজিরা খাতায় P এবং অনুপস্থিতির ক্ষেত্রে বিন্দু বা ডট এর পরিবর্তে A ব্যবহার করতে হবে।
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর এর অনুমোদনক্রমে

Dmd 01.10.2023

ড. জাভেদ আহমাদ
সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর

অধ্যক্ষ,

পাংগাশিয়া নেছারিয়া কামিল মাদরাসা

ডাকঘর : পাংগাশিয়া, উপজেলা : দুমকি, জেলা : পটুয়াখালী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৯৪/২০১৭/০২১১৮

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. পিএস টু ডিসি (দায়িত্বপ্রাপ্ত) (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পাংগাশিয়া নেছারিয়া কামিল মাদরাসা, ডাকঘর : পাংগাশিয়া, উপজেলা : দুমকি, জেলা : পটুয়াখালী।
৭. অফিস নথি।

Shirina
01.10.2023

শিরিনা আক্তার
সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬